দৈনিক ইত্তেফাক

61

তারিখ 27 MAY 1992
পৃষ্ঠা 7 কলাম 6

ছাত্রলীগ—ছাত্রদলে সংঘর্ষ

# শেরপুর কলেজ বন্ধ

শেরপুর সংবাদদাতা ॥ গতকাল (মঙ্গলবার) শেরপুর সরকারী ডিগ্রী কলেজে ছাত্রদল ও ছাত্রলীগ (ম-ই) কর্মীদের মধ্যে সংঘর্ষে চারজন আহত হয়। নির্বাচনী সভাকে (১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## শেরপুর কলেজ

(১ম পৃঃ পর)

কেন্দ্র করিয়া এই সংঘর্ষ বাধে। এই সংঘর্ষের পর একদল ছাত্র রামদা, কিরিচ ও হকিষ্টিক নিয়া শহরে মিছিল বাহির করে। নয়ানী বাজারে মিছিলকারীরা মোটর সাইকেল আরোহী ছাত্রলীগের (ম-ই) দুইজন কর্মীকে বেদম মারধোর করে। মিছিলকারীরা নয়ানী বাজারে ৫/৬টি কাপড়ের দোকানে হামলা চালাইয়া ক্ষতি সাধন করে। গত রাত্রে শেরপুর কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করিয়াছেন। নয়ানী বাজারে কাপড়ের ব্যবসায়ীরা সকল দোকান বন্ধ রাখিয়াছে। আহতদের তিনজনকে সদর হাসপাতালে ভর্তি করা হইয়াছে।